

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 10-02-2026
Time: 07:35-07:40 PM Hrs
BENGALI MORNING BULLETIN

Governor-Virasat 3.0 :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল এনআইটি আগরতলার বিশ্বেশ্বরাইয়া অডিটোরিয়ামে স্পিক ম্যাকের উদ্যোগে আয়োজিত পাঁচদিন ব্যাপী বিরাসত-থ্রি পয়েন্ট জিরোর উদ্বোধন করেন। তিনি বলেন, বিরাসত কেবল বিনোদন নয় বরং এটি আত্মার সর্বোচ্চ স্তরের শিক্ষা এবং সংস্কারের প্রতিষ্ঠা। স্পিক ম্যাকে-র ত্রিপুরা অধ্যায় রাজ্যের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করছে।

ADC Election :

২০২৬ সালের এডিসি জেলা পরিষদ নির্বাচনের জন্য আনুষ্ঠানিকভাবে বিজ্ঞপ্তি জারি করল নির্বাচন কমিশন। কমিশন জানিয়েছে, নির্ধারিত সময়সীমার মধ্যেই আগ্রহী প্রার্থীদের নির্ধারিত দপ্তরে মনোনয়নপত্র জমা দিতে হবে।

Pariksha Pe Charcha :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শিক্ষার্থীদের পরীক্ষার বাইরেও জীবন দক্ষতা, খেলাধুলা, সৃজনশীলতা এবং আত্ম-বিকাশের দিকে মনোনিবেশ করতে অনুপ্রাণিত করেছেন। গতকাল পরীক্ষা পে চর্চার নবম সংস্করণে প্রকাশিত দ্বিতীয় ভিডিও পর্বে, প্রধানমন্ত্রী পরীক্ষার সময় চাপ এবং উদ্বেগ কীভাবে কাটিয়ে উঠতে হয় সে সম্পর্কে শিক্ষার্থীদের সামনে বক্তব্য রাখেন। কৃত্রিম বুদ্ধিমত্তা এবং প্রযুক্তিকে ভয় পাওয়া উচিত কিনা এবং শিক্ষার্থীরা কীভাবে

তাদের ক্যারিয়ার গড়তে প্রযুক্তি ব্যবহার করতে পারে, এই প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী প্রযুক্তিকে একজন শক্তিশালী শিক্ষক হিসেবে বর্ণনা করেন এবং শিক্ষার্থীদের সচেতনতা এবং দায়িত্বের সাথে এটিকে গ্রহণ করতে উৎসাহিত করেন।

Byte-PM

Courtesy Meet :

কেন্দ্রীয় আবাসন এবং নগর বিষয়ক মন্ত্রকের প্রতিমন্ত্রী টোখন সাল গতকাল লোক ভবনে এসে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। বিভিন্ন বিষয় নিয়ে তাদের মধ্যে আলোচনা হয়েছে।

TBJEE :

ত্রিপুরা জয়েন্ট এন্ট্রান্স বোর্ড পরিচালিত এই বছরের এন্ট্রান্স পরীক্ষার জন্য আজ বিকেল ৪টা থেকে অনলাইনে আবেদন শুরু হবে। তা চলবে আগামী ১৮ই ফেব্রুয়ারী পর্যন্ত। বোর্ডের চেয়ারম্যান শুভদীপ পাল এখবর জানিয়েছেন। তিনি জানান, এবছর জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার সম্ভাব্য তারিখ আগামী ২২শে এপ্রিল।

PMKVY :

প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনার অধীনে গতকাল বিভিন্ন কোর্সের সূচনা হয়েছে। এ উপলক্ষ্যে এনআইটি আগরতলার বিবেকানন্দ অডিটোরিয়ামে এক অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে বলেন রাজ্যের যুব সমাজের দক্ষতা বাড়ানোর জন্য বিভিন্ন কোর্সে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। তিনি আশা প্রকাশ করেন নতুন নতুন কোর্স বিষয়ে দক্ষতা অর্জন করে যুবক যুবতীরা তাদের ক্যারিয়ার গড়তে পারবে। অনুষ্ঠানে এইচসিএল এবং আইবিএম'র সঙ্গে দক্ষতা উন্নয়ন দপ্তরের দুটি মৌ স্বাক্ষরিত হয়।

Preparatory Meeting :

আগামী ১৫ থেকে ১৭ ফেব্রুয়ারি ছামনু ব্লকের লংতরাই পাহাড়ে ৫৯তম বাবা লংতরাই মেলা অনুষ্ঠিত হবে। এই মেলাকে সুষ্ঠু ও সফলভাবে আয়োজন করার লক্ষ্যে গতকাল ধলাই জেলার জেলাশাসক কার্যালয়ে জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মার পৌরহিত্যে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। এই মেলাকে সার্বিকভাবে সফল করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

Forest Minister-Khowai :

বনমন্ত্রী অনিমেষ দেববর্মা গতকাল খোয়াইয়ের বাচাইবাড়ি হাচুকনি খরাং কমিউনিটি হলে খোয়াই জেলায় আগর চাষের এলাকা সম্প্রসারণের বিষয়ে একদিনের কর্মশালার উদ্বোধন করেন। তিনি বলেন, বর্তমানে সারা বিশ্বে আগরের ব্যাপক চাহিদা রয়েছে। একটি আগর গাছ থেকে ১৪-১৫ বছর পর কমপক্ষে ১০ লক্ষ টাকা আয় হতে পারে। তাই আগর গাছ লাগিয়ে সঠিক পরিচর্যা করার জন্য তিনি আগর চাষীদের আহ্বান জানান।

National Livestock Mission :

বিধানসভার মুখ্য সচিব কল্যাণী সাহা রায় গতকাল তেলিয়ামুড়া তুইসিন্দ্রাই মৈত্রী কমিউনিটি হলে প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের উদ্যোগে তেলিয়ামুড়া ব্লকভিত্তিক ন্যাশনাল লাইভস্টক মিশন প্রকল্পের উপর সচেতনতা শিবিরের উদ্বোধন করেন। এই প্রকল্পের মাধ্যমে পশুপালকদের স্বনির্ভর করে তোলার পাশাপাশি গ্রামীণ অর্থনীতিকে আরও শক্তিশালী করা সম্ভব হবে বলে আশা ব্যক্ত করেন তিনি।

Bikash Debbarma-Dhalai :

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন উপযুক্ত শিক্ষার পরিকাঠামো ও অনুকূল পরিবেশ না থাকলে শিক্ষার্থীরা প্রকৃত অর্থে শিক্ষিত হয়ে উঠতে পারে না। এই ঘাটতি দূর করাই সরকারের অন্যতম অগ্রাধিকার। গতকাল ধলাই জেলার আমবাসা নালিছড়া একলব্য আবাসিক বিদ্যালয় পরিদর্শন করে একথা জানান তিনি। পরিদর্শনকালে মন্ত্রী বিদ্যালয় ও হোস্টেলের সার্বিক পরিস্থিতি খতিয়ে দেখেন। ছাত্র-ছাত্রীদের উত্থাপিত সমস্যাগুলি দ্রুত সমাধানের লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের প্রয়োজনীয় নির্দেশ দেন মন্ত্রী।

Blood Donation :

ক্রীড়ামন্ত্রী টিংকু রায় গতকাল কৈলাশহর সার্কিট হাউজে ঊনকোটি জেলা প্রশাসন আয়োজিত এক রক্তদান শিবিরের উদ্বোধন করেন। শিবিরে ৬২ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

Weather :

আজ আকাশ প্রধানত পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২.৪ ডিগ্রি সেলসিয়াস।
